

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 02-10-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবার প্রতি পরিষ্কার-পরিচ্ছন্নতাকে জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ করে তোলার শপথ গ্রহণের আহ্বান জানিয়েছেন।
- (২) সারা দেশের সঙ্গে আজ রাজ্যও যথাযোগ্য মর্যাদায় জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন করা হয়।
- (৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, স্বচ্ছ পরিবেশ বজায় রাখতে স্বচ্ছ মানসিকতা নিয়ে কাজ করতে হবে।
- (৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুপুরে উনকোটি জেলার পেঁচারথল রুকের অন্তর্গত পি.এমশ্রী কৃষ্ণটিলা মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন এলাকায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ১০০ আসন বিশিষ্ট জনজাতি ছাত্রী নিবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।
- (৫) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ১৮ থেকে ৬৫ বছর বয়সী সমস্ত সুস্থ নাগরিকদের স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে আসার জন্য আহ্বান জানিয়েছেন।

PM, Swachhta :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবার প্রতি পরিষ্কার-পরিচ্ছন্নতাকে জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ করে তোলার শপথ গ্রহণের আহ্বান জানিয়েছেন। তিনি বলেন যে স্বচ্ছতার শপথ একটি

আজীবন ব্রত। নতুনদিল্লিতে স্বচ্ছ ভারত মিশনের ১০বছর পূর্তি উপলক্ষে স্বচ্ছতাই সেবা ২০২৪এর কর্মসূচিতে ভাষণে তিনি একথা বলেন। তিনি পরিষ্কার-পরিচ্ছন্নতাকে জন আন্দোলনে পরিণত করার জন্য ১৪০ কোটি ভারতীয়ের অটল চেতনাকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী বলেন যে সেবা পক্ষের মাত্র ১৫ দিনে দেশে ২৭ লক্ষেরও বেশি অনুষ্ঠানের আয়োজন করা হয়, যাতে ২৮ কোটিরও বেশি মানুষ অংশ নেন। তিনি উল্লেখ করেন যে এই দিনটি আমাদের, মহাত্মা গান্ধী এবং দেশের অন্যান্য মহান ব্যক্তিত্বদের দ্বারা কল্পনা করা ভারতের স্বপ্ন পূরণ করতে অনুপ্রাণিত করে। তিনি বলেন,

Byte#####

তিনি বলেন ১০হাজার কোটি টাকার পরিচ্ছন্নতা প্রকল্প আজ উদ্বোধন করা হয়েছে। তিনি বলেন, মিশন অমৃতের অংশ হিসেবে বিভিন্ন শহরে জল ও পয়ঃনিষ্কাশন শেধনাগার স্থাপন করা হবে। প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন যে নমামি গঙ্গে এবং বর্জ্য থেকে বায়োগ্যস উৎপাদনের জন্য 'গোবর্ধন' প্ল্যান্ট সম্পর্কিত উদ্যোগগুলি স্বচ্ছ ভারত মিশনকে নতুন উচ্চতায় উন্নীত করবে। তিনি বলেন যে আজ থেকে এক হাজার স্বচ্ছ ভারত অভিযান অবশ্যই স্মরণ করা হবে।

তিনি আরও বলেন যে বিদ্যালয়ে পৃথক শৌচালয় নির্মাণের ফলে লক্ষাধিক মেয়েদের মাঝপথে পড়াশোনা ছেড়ে দেবার হার কমেছে।

প্রধানমন্ত্রী আজ স্বাস্থ্যবিধি এবং পরিচ্ছন্নতা সংক্রান্ত ৯, ৬০০কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্প চালু করেন। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে AMRUT এবং AMRUT দ্বিতীয় পর্ব, ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা, এবং গোবর্ধন প্রকল্প।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাতিল, কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রী মনোহর লাল, জলশক্তি

প্রতিমন্ত্রী ভূষণ চৌধুরী, আবাসন ও নগর বিষয়ক প্রতিমন্ত্রী
তোখান সাহু, বিভিন্ন মন্ত্রক ও দপ্তরের সচিবরা।

এদিকে, দেশের বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিরা আজ স্বচ্ছ
পরিবেশ বজায় রাখার পক্ষে প্রচার করেছেন।

গায়ক আনু মালিক বলেন

#####Byte#####

গায়ক এবং সুরকার ও গীতিকার শঙ্কর মহাদেবন

#####Byte#####

অভিনেত্রী আলিয়া ভাট বলেন,

#####Byte#####

CM-Swaccha Bharat :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, স্বচ্ছ পরিবেশ বজায় রাখতে স্বচ্ছ মানসিকতা নিয়ে কাজ করতে হবে। স্বচ্ছতা এক ধারাবাহিক প্রক্রিয়া। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত রাজ্যভিত্তিক স্বচ্ছতা হি সেবা অভিযান ২০২৪-র সমাপ্তি অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রতিদিনের জীবনযাপনে স্বচ্ছতার অভ্যাস গড়ে তোলা প্রয়োজন। ব্যক্তিগত পরিচ্ছন্নতার অভ্যাস স্কুল, কলেজ, অফিস, বাসস্থান, পাড়া, রাস্তাঘাট, বাজার, বাসস্ট্যান্ড সর্বত্র বজায় রাখা সুস্থ সচেতন নাগরিক হিসেবে আমাদের দায়িত্ব। মুখ্যমন্ত্রী বলেন,

#####Byte#####

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী স্বচ্ছ স্ট্রিট ফুড উদ্যোগ হিসেবে শিশু উদ্যান পরিসরে ভেঙ্গিং জোনেরও উদ্বোধন করেন। তাছাড়াও বর্জ্য থেকে প্রক্রিয়াকরণের মাধ্যমে প্রয়োজনীয় সামগ্রী তৈরির প্রদর্শনীটিও মুখ্যমন্ত্রী ঘুরে দেখেন। অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার বলেন, স্বচ্ছতার জন্য কেন্দ্রীয় সরকার আগরতলা

পুরনিগমকে দু'বার পুরস্কৃতও করেছে। রাজ্য স্বচ্ছতার দৃত পদ্মশ্রী জিমন্যাস্ট দীপা কর্মকার বলেন,

Byte#####

অনুষ্ঠানে বক্তৃব্য রাখেন পূর্ত (পানীয়জল ও স্বাস্থ্যবিধান) দপ্তরের সচিব ব্রিজেশ পাণ্ডে, স্বচ্ছ ভারত মিশন (আরবান)-র। স্বাগত ভাষন দেন স্বচ্ছ ভারত মিশন (আরবান)-র মিশন ডিরেক্টর রজত পন্থ। এছাড়া উপস্থিত ছিলেন নগর উন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং। অনুষ্ঠানে স্বচ্ছতার উপর সঙ্গীত সহ একটি ভিডিও প্রদর্শিত হয়। অনুষ্ঠানে স্বচ্ছতার উপর শপথ বাক্যও পাঠ করা হয়। অনুষ্ঠানে স্বচ্ছতা কর্মসূচিতে উৎকৃষ্ট কাজের জন্য বিভিন্ন ক্ষেত্রে পুরস্কার দেওয়া হয়।

PM, BAPUJI :

আজ সারা দেশে মহাত্মা গান্ধীর জন্মদিন যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়।

গান্ধী জয়ন্তী উপলক্ষে দেশের নাগরিকদের শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী। এ সম্পর্কে সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বাপুজীকে শ্রদ্ধা জানিয়ে বলেন, বাপুজির জীবন গড়ে উঠেছিল সত্য, সত্ত্বাবনা এবং মানুষের মধ্যে সমতাবোধকে ঘিরে। তাঁর আদর্শ ও জীবনদর্শন অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে দেশবাসীর কাছে।"

Gandhi Jayanti-I & C Minister :

সারা দেশের সঙ্গে আজ রাজ্যও যথাযোগ্য মর্যাদায় জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন করা হয়। আজ সকালে আগরতলায় গান্ধীঘাটে জাতীয় পতাকা উত্তোলন ও গান্ধীবেদিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা। তিনি রাজ্যবাসীকে দেশীয় পণ্য এবং খাদিজাত দ্রব্য আরও বেশি পরিমাণে ব্যবহার করার জন্য আহ্বান জানান।

গান্ধীজয়ন্তী উপলক্ষে গান্ধীঘাটে ভজন, রামধূন পরিবেশনার পাশাপাশি গান্ধীজীর লেখা, গীতা, বাইবেল, কোরান, বুদ্ধ জাতক পাঠ করা হয়। এর আগে আজ সকালে তিনি সার্কিট হাউস সংলগ্ন মহাত্মা গান্ধীর মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

Gandhi-Congress :

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলায় কংগ্রেস ভবনে মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী যথাযথ মর্যাদায় পালন করা হয়। কংগ্রেস নেতৃবৃন্দ গান্ধীজীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন ও গোপাল রায় প্রমুখ। কংগ্রেস ভবন থেকে একটি শোভাযাত্রা বিভিন্ন পথ পরিক্রমা করে গান্ধীঘাটে যায়। সেখানে গান্ধীজীর শহীদ বেদীতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হয়। প্রদেশ কংগ্রেস সভাপতি সহ অন্যান্য নেতৃবৃন্দ গান্ধীজীর জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টসে। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM-JANMAN-Unakoti :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুপুরে উনকোটি জেলার পেঁচারথল রুকের অন্তর্গত পি.এমশ্রী কৃষ্ণটিলা মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন এলাকায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ১০০ আসন বিশিষ্ট জনজাতি ছাত্রী নিবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ভারত সরকারের "প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান বা PM-JANMAN এর অর্থ ব্যয়ে এটি গড়ে উঠবে। এরজন্য ব্যয় ধরা হয়েছে ২ কোটি ৭৫ লক্ষ টাকা। এই উপলক্ষে স্কুল ময়দানে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, A.D.C সদস্যা স্বপ্না রাণী দাস, পেঁচারথল B.A.C'র চেয়ারম্যান সজল চাকমা, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ। এই অনুষ্ঠানে ঝাড়খণ্ডের হাজারিবাগ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে অনুষ্ঠিত অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করা হয়।

CM-Blood Donation :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ১৮ থেকে ৬৫ বছর বয়সী সমস্ত সুস্থ নাগরিকদের স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে আসার জন্য আহ্বান জানিয়েছেন। আজ আগরতলা মহারাজগঞ্জ বাজারে মৎস্য ব্যবসায়ী সমিতি আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবির উদ্বোধনী ভাষণে তিনি এই আহ্বান জানান।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, মহারাজগঞ্জ মৎস্য ব্যবসায়ী সমিতির সভাপতি সুবীর দাস। উপস্থিত ছিলেন বিধায়ক তথা আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর রঞ্জা দত্ত। অনুষ্ঠানে মহারাজগঞ্জ বাজার মৎস্য ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ৫০ হাজার টাকার চেক মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেওয়া হয়।

Mahalaya :

আজ মহালয়া। দেবী পক্ষের শুরু। রাজ্যের বিভিন্ন জলাশয়ে
আজ অনেকেই পিতৃ পুরুষদের স্মরনে তর্পণ করেন। মহালয়া
উপলক্ষ্যে বিভিন্ন সংস্থা সংগঠনের পক্ষ থেকে আজ বিশেষ
অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

PM, Mahalaya :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহালয়া উপলক্ষ্যে দেশবাসীকে
শুভেচ্ছা জানিয়েছেন। তিনি সামাজিক মাধ্যমে এক বার্তায় কামনা
করেন যে দুর্গা পূজা ঘটই এগিয়ে আসছে, ততই আশা, মঙ্গল
এবং ইতিবাচকতা বিরাজ করবে। তিনি মা দুর্গার কাছে সবার
জন্য সুখ, শক্তি এবং সুস্থান্ত্রের আশীর্বাদ কামনা করেন।

National Highway :

আসাম আগরতলা জাতীয় সড়কের মেঘালয়ের সোনারপুর
এলাকায় প্রবল বৃষ্টিপাতের ফলে মাটি ধবসে যান চলাচল প্রায়
বন্ধ হয়ে পড়ে। উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী
জানান রাস্তা পরিষ্কারের কাজ চলছে। জয়ন্তিয়া পুলিশ স্টেশন
সূত্রে জানা যায় বিকালের দিকে খুব অল্প সংখ্যক পন্যবাহী ট্রাক
চলাচল শুরু করেছে।

T-20 Cricket :

জাতীয় অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের টি-২০ ক্রিকেটের দ্বিতীয়
খেলায়ও ত্রিপুরা প্রার্জিত হয়েছে। আজ চন্দিগড়ে অনুষ্ঠিত খেলায়
বাংলা ৭ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করে
রাজ্যদল ১১ ওভার ৪ বল-এ সবকটি উইকেট হারিয়ে মাত্র ৩২

রান করে। জবাবে বাংলা ৪ ওভার ৪ বল-এ ৩ টইকেট হারিয়ের
জয়ের লক্ষ্যে পৌঁছে যায়।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায়
বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি পর্যায় বৃষ্টিপাতের সম্ভাবনা
রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং
সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের
সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন
২৭.২ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ,
পশ্চিম, ধলাই, খোয়াই এবং সিপাহীজলা জেলার দু এক জায়গায়
ভারী বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।
